**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-12-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Saras Mela - CM :**

আজ থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হচ্ছে ২০তম আঞ্চলিক সরস মেলা। মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। ত্রিপুরা সরকারের গ্রামোন্নয়ন দপ্তরের অধীনে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন এই মেলার আয়োজন করেছে। আগামী ২৬ ডিসেম্বর মেলার সমাপ্তি হবে।

*****************************

**Census Budget :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৭ সালের আদমশুমারির জন্য ১১ হাজার ৭১৮ কোটি টাকার বাজেট অনুমোদন করেছে। গতকাল নতুনদিল্লিতে গণমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন, ২০২৭ সালের আদমশুমারি দুটি ধাপে পরিচালিত হবে। তিনি বলেন, ২০২৭ সালের আদমশুমারি হবে ধারাবাহিক ভাবে ষোড়শ এবং স্বাধীনতার পর থেকে ৮ম। এটি হবে প্রথম ডিজিটাল আদমশুমারি।

*****************************

**National Lok Adalat :**

আজ ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা ও মহকুমা আদালত প্রাঙ্গনে বসছে এবছরের চতুর্থ জাতীয় লোক আদালত। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, লোক আদালতে মোট ৬০টি বেঞ্চে ৩৪,৭০৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

*****************************

**FRBT Exam-BNSS U/s 163 :**

রাজ্যের ফায়ার রিক্রুটমেন্ট বোর্ড পরিচালিত ২০২৫এর নিয়োগ পরীক্ষা আগামীকাল বেলা ১১টায় আগরতলার নির্দিষ্ট কয়েকটি স্কুলে অনুষ্ঠিত হবে। আড়াই ঘন্টা এই পরীক্ষা চলাকালিন পরীক্ষা কেন্দ্র ও এর সংলগ্ন এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখতে সকাল ৮টা থেকে বিকেল ৩ টে পর্যন্ত পশ্চিম ত্রিপুরার জেলা শাসকের পক্ষ থেকে ১৬৩ ধারা জারি করা হয়েছে। এই নিষেধাজ্ঞা অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতার ২২৩ নম্বর ধারায় শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

****************************

**Unity Promo Fest :**

রাজ্য পর্যটন দপ্তর আয়োজিত ইউনিটি প্রমো ফেস্ট ২০২৫ গতকাল শেষ হয়েছে। আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, রাজ্য পর্যটনের ব্র্যান্ড অ্যাম্বেসেডর ভারতীয় ক্রিকেটের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলী প্রমুখ। দেশের প্রখ্যাত সঙ্গীত শিল্পী জুবিন নোটিয়াল সঙ্গীত পরিবেশন করেছেন।

****************************

**Mayor Slater House :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেছেন নিগম এলাকার প্রতিটি বড় বাজারেই স্লটার হাউজ তৈরি করা হবে। গতকাল আগরতলার দুর্গা চৌমুহনী বাজারে প্রস্তাবিত স্লটার হাউস নির্মাণের স্থান পরিদর্শনে গিয়ে তিনি বলেন ৫৪ লক্ষ টাকা খরচ করে দুর্গাচৌমুহনী বাজারে তৈরি করা হচ্ছে এই স্লটার হাউস। মেয়র বলেন প্রকাশ্য জায়গায় মাংস বিক্রি করা নিষিদ্ধ। সেদিকে লক্ষ্য রেখেই এ ধরনের স্লটার হাউস প্রতিটি বাজারে নির্মাণ করা হবে।

****************************

**Pithe puli Utsab :**

পুর নিগমের মেয়র দীপক মজুমদারের পৌরহিত্যে গতকাল পুর নিগমের সভাকক্ষে পিঠে পুলি উৎসব নিয়ে এক প্রস্তুতি বৈঠক হয়। পৌষ সংক্রান্তির সময় আলপনা গ্রামে পিঠে পুলি উৎসবকে আরো জনপ্রিয় করে তুলতে বৈঠকে আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ অন্যান্যরা।

*****************************

**Special Service Provided For Dibyangajan :**

আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৫ ও ১৬ ডিসেম্বর বাধারঘাট দশরথ দেব স্টেট স্পোর্টস্ কমপ্লেক্সে দিব্যাঙ্গজনদের হুইল চেয়ার, মোটরচালিত ট্রাই-সাইকেল সহ বিভিন্ন সহায়ক যন্ত্রপাতি বিনামূল্যে মেরামত ও সার্ভিসিং করা হবে। চিফ মিনিস্টার্স স্কিম ফর পার্সনস উইথ ইন্টলেক্টচুয়াল ডিসিবিলিটিস এর জন্য বিশেষ প্রকল্পে আবেদনপত্র সকাল ১১টা থেকে বিকেল ৩টা ৩০ পর্যন্ত গ্রহন করা হবে। এই প্রকল্পে আবেদন করার জন্য আধার কার্ড, ব্যাংক একাউন্টের পাসবুক এবং রেশন কার্ড আবশ্যিকভাবে সঙ্গে আনতে হবে। সমস্ত দিব্যাঙ্গজনদের বিনামূল্যে এই পরিষেবাগুলির সুবিধা গ্রহন করার জন্য সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

*****************************

**Health Director Visit Dist. Hospital :**

স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবশ্রী দেববর্মার নেতৃত্বে উচ্চপর্যায়ের এক প্রতিনিধি দল গতকাল ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতাল ও গোমতী জেলা হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি স্বাস্থ্য পরিষেবা প্রদানের মান নিশ্চিত করতে রোগীদের সাথেও কথা বলেন। পরে স্বাস্থ্যকর্মীদের সাথে তিনি একটি সভায় মিলিত হন। সভায় মানব সম্পদ, লজিস্টিকস, যন্ত্রপাতি, ওষুধ এবং অবকাঠামোর বর্তমান অবস্থা পর্যালোচনা করেন। উন্নত ও কার্যকর স্বাস্থ্য পরিষেবা নিশ্চিত করাই ছিল এই পর্যালোচনার মূল লক্ষ্য।

*****************************

**SAANS Campaign :**

দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত শিশু নিউমোনিয়া প্রতিরোধে জনসচেতনতা বাড়ানোর লক্ষ্যে গতকাল দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে জেলা স্তরের SAANS অভিযানের সূচনা করেন। অনুষ্ঠানে দক্ষিন জেলার বিভিন্ন হাসপাতালে সদ্য নিযুক্ত ২৩ জন চিকিৎসককে সংবর্ধনা প্রদান করা হয়। ২০২৬ সালের ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত চলবে এই কর্মসূচি।

*****************************

**DGsP/IGsP conference-2025- CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যের সকল পুলিশ কর্মীকে আধুনিক প্রণালী অনুযায়ী প্রশিক্ষিত করা হয়েছে ফলে ফরেনসিক ক্ষেত্রে বড় ধরনের সাফল্য এসেছে। গতকাল প্রজ্ঞাভবনে ডিজিএসপি/আইজিএসপি সম্মেলন-২০২৫-এর ফলাফলের উপর রাজ্য পর্যায়ের আলোচনা সভা শেষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ভারতীয় ন্যায় সংহিতা চালু হওয়ার পর থেকেই রাজ্যের আইন-শৃঙ্খলা রক্ষায় একাধিক ইতিবাচক পরিবর্তন এসেছে। বিভিন্ন মামলার তদন্তে এখন নিয়মিতভাবে ফরেনসিক ল্যাব ব্যবহার করা হচ্ছে এবং বিজ্ঞান ভিত্তিক তদন্তের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

*******************************************

**Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *